



সংখ্যা: ৪১৭/০১৮/কঅ/৩১১

তারিখ: ০১ ডিসেম্বর ২০১৮

ইউনিট A (কলা অনুষদ ও চারুকলা অনুষদ)
১ম বর্ষ বিএ (সম্মান) ভর্তি পরীক্ষা ২০১৮-২০১৯
রাজশাহী বিশ্ববিদ্যালয়

ভর্তি বিজ্ঞপ্তি-৮

A ইউনিটের (কলা অনুষদ ও চারুকলা অনুষদ) ২০১৮-২০১৯ শিক্ষা বর্ষের বি.এ (সম্মান) ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ ও সাক্ষাৎকারে উপস্থিত পরীক্ষার্থীদেরকে বিষয় পছন্দক্রম এবং মেধা অনুসারে তাদের রোল নম্বরের পাশে উল্লেখিত বিভাগে ভর্তির জন্য দ্বিতীয় মেধাতালিকা প্রকাশ করা হলো এবং প্রথম মাইগ্রেশন সম্পন্ন করা হলো। নির্বাচিত পরীক্ষার্থীদেরকে আগামী ০২ ডিসেম্বর ২০১৮ থেকে ০৪ ডিসেম্বর ২০১৮ সকাল ১০টা থেকে বিকেল ৪টা এর মধ্যে কলা অনুষদ অফিসে উপস্থিত হয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে না পারলে A ইউনিটে তাদের ভর্তির মনোনয়ন চূড়ান্তভাবে বাতিল বলে গণ্য হবে।

উল্লেখ্য যে, ভর্তি হওয়া ছাত্র/ছাত্রীদের মেধা ও বিভাগ পছন্দের ক্রম অনুসারে স্বয়ংক্রীয়ভাবে বিভাগ পরিবর্তন করা হবে। তবে ইংরেজি, সঙ্গীত, নাট্যকলা বিভাগে ভর্তিকৃত শিক্ষার্থীরা এই অটো মাইগ্রেশন -এর আওতায় আসবে না। স্বয়ংক্রীয়ভাবে বিভাগ পরিবর্তিত তালিকা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে (admission.ru.ac.bd) প্রকাশ করা হবে।

আসন ফাঁকা থাকা সাপেক্ষে অপেক্ষমান তালিকা থেকে পর্যায়ক্রমে ভর্তির জন্য নির্বাচন করা হবে এবং নির্বাচিত তালিকা রাজশাহী বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে (admission.ru.ac.bd) প্রকাশ করা হবে।

অপেক্ষমান তালিকা থেকে ভর্তির জন্য নির্বাচিতদের তালিকা প্রকাশের সম্ভাব্য সময়সূচী নিম্নরূপ-

তালিকা	তালিকা প্রকাশ (সম্ভাব্য)	ভর্তির তারিখ (সম্ভাব্য)
৩য় নির্বাচন (আসন খালি থাকা সাপেক্ষে)	০৫.১২.২০১৮	০৬-১০ ডিসেম্বর ২০১৮
৪র্থ নির্বাচন (আসন খালি থাকা সাপেক্ষে)	১১.১২.২০১৮	১২-১৭ ডিসেম্বর ২০১৮
৫ম নির্বাচন (আসন খালি থাকা সাপেক্ষে)	১৮.১২.২০১৮	২০-২৪ ডিসেম্বর ২০১৮

ভর্তি সংক্রান্ত তথ্যাবলী নিম্নরূপ:

- ১। অনলাইনে <http://admission.ru.ac.bd> -তে ২৫ নভেম্বর ২০১৮ সকাল থেকে ভর্তি ফরম পূরণ করতে হবে। পরীক্ষার্থী নিজে অনলাইনে পূরণকৃত ফরমটি অফসেট কাগজে তিন কপি প্রিন্ট স্বাক্ষর করে A4 সাইজের খামে পরীক্ষার্থীর নাম, বিভাগের নাম, রোল নম্বর লিখে কলা অনুষদ অফিসে জমা দিতে হবে।
- ২। ভর্তি পরীক্ষার প্রবেশপত্র, এস.এস.সি./সম্মান ও এইচ.এস.সি./সম্মান পরীক্ষার মূল মার্কশীট এবং এইচ.এস.সি./সম্মান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড জমা দিতে হবে।
- ৩। ভর্তি সংক্রান্ত যাবতীয় ফি জমা দেয়ার বিস্তারিত বিষয়াদি বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট <http://admission.ru.ac.bd> এবং অনুষদ অফিস থেকে জানা যাবে।

প্রকাশিত ফলাফলে কোন প্রকার ভুল-ত্রুটি/অসঙ্গতি পরিলক্ষিত হলে তা সংশোধন/বাতিল করার ক্ষমতা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের থাকবে।

ইতোপূর্বে পোষ্য কোটায় (WQ) ভর্তির জন্য নির্বাচিতদের ভর্তির সময় আগামী ৬ ডিসেম্বর ২০১৮ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো।

(প্রফেসর ড. মো. ফজলুল হক)

চীফ কো-অর্ডিনেটর

ইউনিট A (কলা অনুষদ ও চারুকলা অনুষদ)

১ম বর্ষ বিএ(সম্মান) ভর্তি পরীক্ষা ২০১৮-২০১৯

ও

ডীন, কলা অনুষদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।